গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(পার-৪ অধিশাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৪৫.০১৫.০০.০০.০৪৫.২০১৩-   তারিখ: ২৪.০৭.২০১৯ খ্রি:

বিষয়: **স্বাস্থ্য সেবা বিভাগের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানে রাজস্বখাতে পদ সৃজনের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

সভার তারিখ	: ০৯.০৭.২০১৯ খ্রি:
সভার সময়	: বিকাল ৩.০০ টায়।
সভার স্থান	: কক্ষ নং-৩২৩, ভবন নং-৩, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ।
সভাপতি	: মোঃ হাবিবুর রহমান খান অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-'ক' সংযুক্ত।

আলোচনা: সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে রোকেয়া বেগম, উপ-সচিব (পার-৪) অধিশাখা অদ্যকার সভার আলোচ্য বিষয় অনুসারে ০২ (দুই) টি প্রতিষ্ঠান এবং ০৮ (আট) টি মেডিকেল কলেজ ও হাসপাতালে রিউমাটোলজি বিষয়ে পদ সৃজনের বিষয়ে আলোকপাত করেন। প্রতিষ্ঠানগুলো হলো: ৮টি মেডিকেল কলেজ ও হাসপাতাল রিউমাটোলজি বিভাগ, ৫০০ শয্যা বিশিষ্ট ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনি ডিজিজেস এন্ড ইউরোলজী প্রতিষ্ঠান ও ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরী বিভাগ ও ওয়ান স্টপ ইমার্জেন্সী সেন্টারের জন্য পদ সৃজন।

১। **৮টি মেডিকেল কলেজ ও হাসপাতালে রিউমাটোলজী বিভাগের পদ সৃজন।**

বাংলাদেশে একমাত্র বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) এ রিউমাটোলজি চালু আছে। বিএসএমএমইউ এর উপাত্ত অনুযায়ী প্রত্যেক অধ্যাপক দৈনিক গড়ে প্রায় ১২-১২৫ জন রোগী দেখেন। এ হাসপাতালটি একটি রেফারেল সেন্টার। সরকারি ৮টি মেডিকেল কলেজ ও হাসপাতাল হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী সরকারি মেডিকেল কলেজ হাসপাতালের বর্হিবিভাগে আগত রিউমাটোলজিক্যাল রোগে আক্রান্ত রোগীর উপস্থিতি গড়ে ১০৫-১৫৫ জন। স্বাস্থ্য অধিদপ্তর হতে ৮টি সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতালে রিউমাটোলজী বিভাগে ১০৪টি পদ সৃজনের প্রস্তাব করা হয়েছে।

প্রাসংগিক বিষয়াদির উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(i) ৮টি মেডিকেল কলেজ ও হাসপাতালে রিউমাটোলজী বিভাগে প্রস্তাবিত পদের সংখ্যা Need Assessment এর ভিত্তিতে সহায়ক পদের সংখ্যা সংশোধনপূর্বক সংশোধিত প্রস্তাব পুনরায় স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করবে।

২) ৫০০ শয্যা বিশিষ্ট ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনি ডিজিজেস এন্ড ইউরোলজী প্রতিষ্ঠান, ঢাকার জন্য পদ সৃজন

বর্তমানে ডিজিটাল যুগের সাথে তাল মিলিয়ে এগিয়ে যাওয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রী ডিজিটাল বাংলাদেশ গড়ার ঘোষণা দিয়েছেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনি ডিজিজেস এন্ড ইউরোলজী প্রতিষ্ঠানের জনবল এবং নতুন পদ সৃষ্টির গুরুত্ব অনুধাবন পূর্বক এ ব্যাপারে প্রস্তাবনা পেশের জন্য নির্দেশ দেন। সেই লক্ষ্যে ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনি ডিজিজেস এন্ড ইউরোলজী হাসপাতালের ভার্টিক্যাল এক্সাটেনশন এবং বিভিন্ন বিভাগে জনবল এবং নতুন পদ সৃষ্টির জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বিষয়টিতে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর অনুমতি রয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে কিডনি ও ইউরোলজী চিকিৎসাকে জনগণের দোর গোড়ায় পৌঁছে দেয়ার জন্য বর্তমানে বাংলাদেশে ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনি ডিজিজেস এন্ড ইউরোলজী বিষয়ে বিভিন্ন গবেষণা কার্যক্রম অব্যাহত রয়েছে। ডিজিটাল পদ্ধতিতে বহিঃবিভাগে এবং অন্তঃবিভাগে রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। বহিঃবিভাগ ও অন্তঃবিভাগে রোগীর সংখ্যা অত্যাধিক বেড়ে যাওয়ার চিকিৎসা ও গবেষণা কার্যক্রমকে সচল রাখার জন্য অবশ্যই বিভিন্ন বিভাগে নতুন পদ সৃজন করা প্রয়োজন। সেই লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর হতে ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনি ডিজিজেস এন্ড ইউরোলজী বিভাগে ২০৯২টি পদ সৃজন করার প্রস্তাব করা হয়েছে।

প্রাসংগিক বিষয়াদির উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(i) ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনি ডিজিজেস এন্ড ইউরোলজী প্রতিষ্ঠান, ঢাকার প্রস্তাবিত পদের সংখ্যা Need Assessment এর ভিত্তিতে পদের সংখ্যা সংশোধনপূর্বক ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনি ডিজিজেস এন্ড ইউরোলজী প্রতিষ্ঠান, ঢাকা কর্তৃক সংশোধিত প্রস্তাব পুনরায় স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করবে।

৩) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরী বিভাগ ও ওয়ান স্টপ ইমারের্জন্সী সেন্টারের জন্য পদ সৃজনঃ

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল একটি বৃহৎ হাসপাতাল। এই হাসপাতালকে ১৭০০ শয্যা হইতে ২৩০০ শয্যায় উন্নীত করা হয়েছে। কিন্তু সেই মোতাবেক চিকিৎসক, নার্সিং স্টাফ, ৩য় ও ৪র্থ শ্রেণির জনবলের পদ সৃষ্টি করা হয় নি। ২৩০০ শয্যা রোগীদের সেবা ও সাপোর্ট জনবলের অভাবে সুষ্ঠ কার্যক্রম ব্যাহত হচ্ছে। স্বাস্থ্য অধিদপ্তর হতে জরুরী বিভাগের জন্য (ওয়ান স্টপ ইমারের্জন্সী সেন্টারসহ) ৩৩৬টি পদ সৃজনের প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত পদের মধ্যে ১ম শ্রেণির ৫৫টি, ২য় শ্রেণির ৭৩টি, ৩য় শ্রেণির ৬১টি এবং ৪র্থ শ্রেণির ১৪৭টি পদ রয়েছে।

প্রাসংগিক বিষয়াদির উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(i) বাংলাদেশে ক্রমবর্ধমান জনসংখ্যা ও নিত্য নতুন সংক্রামক ও অসংক্রামক রোগীর ইমার্জেন্সী চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরী বিভাগ ও ওয়ান স্টপ ইমারের্জন্সী সেন্টারের জন্য ৩৩৬টি পদ সৃজনের প্রস্তাব পার-৪ অধিশাখা কর্তৃক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। সভায় আর কোন অলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
(মোঃ হাবিবুর রহমান খান)
সভাপতি
ও
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০২২.১৮- ৬৯২ (৯/১০) তারিখ: ২৪.০৭.২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।
৪। সভাপতি, বাংলাদেশ রিউমাটোলজী সোসাইটি, বিএসএমএমইউ, ঢাকা।
৫। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
৬। পরিচালক ও অধ্যাপক, ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাঁকে পদ সৃজন সংক্রান্ত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২৪/৭/১৯
রোকেয়া বেগম
উপসচিব